



তারিখ : ২১ জুন ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোকবার্তা

ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদ্য বিলুপ্ত কমিটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আলহাজ্ব নবী উল্লাহ নবীর সহধর্মীনি লুতফুন নাহার চিকিৎসাধীন অবস্থায় আজ রাজধানীর ল্যাবএইড হাসপাতালে ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৮ বছর। লুতফুন নাহারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, “মরহুমা লুতফুন নাহার একজন ধর্মপ্রাণ ও পরোপকারী মহিলা হিসেবে নিজ এলাকার মানুষের নিকট অত্যন্ত প্রিয়ভাজন ছিলেন। মরহুমার মৃত্যুতে তার এলাকাবাসী, পরিবারবর্গ ও আত্মীয়স্বজনদের মতো আমিও সমব্যথী। দোয়া করি-মহান রাব্বুল আলামীন যেন মরহুমা লুতফুন নাহারকে বেহেস্ত নসীব এবং গভীর শোকে শ্রিয়মান পরিবারের সদস্যদেরকে এই শোকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।”

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর শোকবার্তায় মরহুমার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকাহত পরিবারবর্গ, আত্মীয়স্বজন ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

এ্যাড. তাইফুল ইসলাম টিপু

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।